

# সার সুপারিশমালা হাতবই-২০১৮



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

[www.barc.gov.bd](http://www.barc.gov.bd)

# সার সুপারিশমালা হাতবই-২০১৮

## সম্পাদনা পর্ষদ

<b>ড. সুলতান আহম্মেদ</b> সদস্য পরিচালক (এনআরএম), বিএআরসি	আহ্বায়ক
<b>ড. মোঃ জহির উদ্দিন</b> প্রফেসর, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাকুবি	সদস্য
<b>মিসেস সুলতানা রাজিয়া</b> প্রাক্তন সদস্য-পরিচালক (এনআরএম), বিএআরসি	সদস্য
<b>ড. রওশন আরা বেগম</b> প্রাক্তন মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিএআরআই	সদস্য
<b>ড. যতীশ চন্দ্র বিশ্বাস</b> প্রাক্তন মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিএআরআই	সদস্য
<b>জনাব কাজী মোঃ সাইফুল ইসলাম</b> অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, ডিএই	সদস্য
<b>ড. আ সা ম মাহবুবুর রহমান খান</b> মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই	সদস্য
<b>ড. মোঃ মহসীন আলী</b> মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিনা	সদস্য
<b>ড. মোঃ মকবুল হোসেন</b> প্রাক্তন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় গবেষণাগার, এসআরডিআই	সদস্য
<b>ড. মোঃ নাসিমুল গনি</b> প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিএআরআই	সদস্য
<b>ড. গাজী মোঃ আকরাম হোসেন</b> প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা ও পুষ্টি বিভাগ, বিএসআরআই	সদস্য
<b>ড. মোঃ আব্দুল হাশ্বার</b> সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি	সদস্য সচিব



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল  
ফার্মগেট, ঢাকা-১২১৫

# সার সুপারিশমালা হাতবই-২০১৮

## প্রথম প্রকাশ

ভাদ্র ১৪২৫, আগস্ট ২০১৮

১১০০০ কপি

## প্রাপ্তিস্থান

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫

On-line Version and PDF Copy at BARC Website ([www.barc.gov.bd](http://www.barc.gov.bd)) & also as mobile app.

## প্রকাশনায়

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

[www.barc.gov.bd](http://www.barc.gov.bd)

ISBN: 984-500-028-4

## Citation

Ahmmmed *et al.*, 2018. Handbook on Fertilizer Recommendation (সার সুপারিশমালা হাতবই-২০১৮)- In Bengali. Bangladesh Agricultural Research Council (BARC), Farmgate, Dhaka 1215. 113p

## মুদ্রণে

প্রিয়াংকা প্রিন্টিং এন্ড পাবলিকেশন

৭৬/ই, নয়্যাপল্টন, ঢাকা-১০০০

ফোন: ৯৩৩৩১৮৪

ই-মেইল: [priyankaprinting@gmail.com](mailto:priyankaprinting@gmail.com)

## মুখবন্ধ

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) অন্যতম দায়িত্ব হিসেবে বিগত ১৯৭৯ সাল থেকে Fertilizer Recommendation Guide প্রণয়ন ও নির্দিষ্ট সময় পর পর তা হালনাগাদ করে আসছে। বিএআরসি থেকে এ পর্যন্ত মোট ৬টি Fertilizer Recommendation Guide প্রকাশিত হয়েছে এবং তা ইংরেজিতে প্রকাশিত হয়েছে। চলতি বছরেও Fertilizer Recommendation Guide-2018 শিরোনামে একটি ইংরেজি সংস্করণ প্রকাশ করা হচ্ছে। ইংরেজি সংস্করণগুলো মূলত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের কৃষি বিজ্ঞানী, নীতি নির্ধারক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কৃষিবিদ ও পেশাজীবীদের ব্যবহারের উদ্দেশ্যে প্রকাশ করা হয়ে থাকে। ইংরেজি সংস্করণগুলোতে ফসলের জন্য প্রয়োজনীয় বিভিন্ন সারের মাত্রা ছবছ লিপিবদ্ধ করা হয় না; ফসলের প্রয়োজনীয় পুষ্টি উপাদানের মাত্রা লিপিবদ্ধ করা হয় এবং তা থেকে বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলের জন্য সারের মাত্রা হিসাব করার পদ্ধতি ও নীতিমালার বর্ণনা দেয়া থাকে। এসব তথ্য থেকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাগণ সারের মাত্রা হিসাব করে তা কৃষকদেরকে প্রদান করে থাকেন; কৃষকেরা নিজেরা সারের মাত্রা হিসাব করতে পারে না। তাই বইটি ব্যবহার করে কৃষকেরা সরাসরি উপকৃত হতে পারেন না। বিষয়টি অনুধাবন করে কৃষকেরা বইটি যাতে নিজেরাই ব্যবহার করতে পারেন সে উদ্দেশ্যে এবং মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক বইটির ইংরেজি সংস্করণের সাথে এবছর বাংলা সংস্করণও প্রকাশ করা হচ্ছে। তবে এ হাতবইটি ইংরেজি সংস্করণের ছবছ বাংলা অনুবাদ নয়। Fertilizer Recommendation Guide-2018 থেকে কৃষকদের জন্য প্রয়োজনীয় অংশগুলো নিয়ে সহজবোধ্য ভাষায় কৃষকদের ব্যবহার উপযোগি করে “সার সুপারিশমালা হাতবই-২০১৮” শিরোনামে প্রকাশ করা হচ্ছে। হাতবইটিতে জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (NARS) এর গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহে পরিচালিত গবেষণা ফলাফলের ভিত্তিতে দেশের বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলের জন্য সার সুপারিশমালা লিপিবদ্ধ করা হয়েছে। হাতবইটিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকেও ফসলে সার ব্যবহার সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। হাতবইটি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং কৃষকেরা নিজেরা ব্যবহার করে উপকৃত হতে পারবেন। দেশের মৃত্তিকা উর্বরতা ও সার ব্যবস্থাপনায় এবং সর্বোপরি দেশের কৃষি উৎপাদন ও খাদ্য নিরাপত্তায় হাতবইটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা করা যায়।

জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (NARS) এর যে সব গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় এবং সম্প্রসারণ অধিদপ্তর তথ্য দিয়ে সহায়তা করেছে তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাই। হাতবইটি সংকলন, সম্পাদনা ও প্রকাশনায় যে সব বিজ্ঞানী/কর্মকর্তা নিরলসভাবে কাজ করেছেন তাঁদেরকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ করে এ কাজে ড. মোঃ আব্দুস ছাত্তার, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি অগ্রণী ভূমিকা পালন করায় তাঁকে অভিনন্দন ও ধন্যবাদ। হাতবইটি প্রকাশনার জন্য অর্থায়ন করার জাতীয় কৃষি প্রযুক্তি প্রকল্প-২ (NATP-2) এর প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি।




(কৃষিবিদ ড. মোঃ কবির ইকরামুল হক)  
নির্বাহী চেয়ারম্যান  
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

## পূর্বকথা

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিট কর্তৃক "Fertilizer Recommendation Guide" এর বাংলা সংস্করণ "সার সুপারিশমালা হাতবই-২০১৮" প্রকাশ একটি সমরোপযোগী উদ্যোগ। মাতৃভাষায় প্রকাশিত হাতবইটি ব্যবহার করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম্প্রসারণ কর্মীসহ সকল অংশীজন উপকৃত হবেন বলে আমি বিশ্বাস করি। বইটিতে বিভিন্ন ফসলের সার সুপারিশমালা এবং আনুসঙ্গিক তথ্যাদি সহজবোধ্য ও প্রাঞ্জল ভাষায় লিপিবদ্ধ করা হয়েছে। উদ্ভিদের প্রয়োজনীয় পুষ্টি উপাদান, সারের শ্রেণি বিভাগ, ফসলে পুষ্টি উপাদানের অভাবজনিত লক্ষণসমূহ, মাটির জৈব পদার্থ ও উর্বরতা ব্যবস্থাপনা, সার ব্যবস্থাপনা, মাঠ পর্যায়ে ভেজাল সার সনাক্তকরণ ইত্যাদি অতি প্রয়োজনীয় বিষয়গুলো অন্তর্ভুক্ত করায় বইটির কলেবর অনেক বৃদ্ধি পেয়েছে। সহজ ভাষায় প্রকাশিত হওয়ায় বইটি কৃষকগণ নিজেরা ব্যবহার করে সরাসরি উপকৃত হতে পারবেন বলে আশা করা যায়। যথাযথ মৃত্তিকা ও সার ব্যবস্থাপনার মাধ্যমে মাটির স্বাস্থ্য রক্ষা ও একটি টেকসই উৎপাদন ব্যবস্থাপনা প্রবর্তনে বইটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

Fertilizer Recommendation Guide এর বাংলা সংস্করণ প্রকাশ সময়ের দাবি ছিল। সময়ের চাহিদার সাথে সাথে উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তি ও ফসল অন্তর্ভুক্ত করায় বইটি সম্প্রসারণ কর্মী, কৃষক, বেসরকারি সংস্থাসহ সকলেরই প্রত্যাশা পূরণ করবে বলে আশা করি।

"সার সুপারিশমালা হাতবই-২০১৮" প্রণয়ন ও মুদ্রণের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।



(মোহাম্মদ মহসীন)

মহা-পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর


## প্রসঙ্গ-কথা

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের একটি নিয়মিত কার্যক্রম হিসেবে Fertilizer Recommendation Guide প্রণয়ন ও নির্দিষ্ট সময় পর পর তা হালনাগাদ করা হয়ে থাকে। বিগত ১৯৭৯ থেকে শুরু করে ১৯৮৫, ১৯৮৯, ১৯৯৭, ২০০৫ ও ২০১২ সালে মেটি ছয়টি Fertilizer Recommendation Guide হালনাগাদ ও প্রকাশ করা হয়েছে। এপর্যন্ত সবগুলো সংস্করণই ইংরেজিতে প্রকাশ করা হয়েছে। ইংরেজিতে প্রকাশিত হওয়ার এগুলো কৃষকেরা নিজেরা ব্যবহার করে সরাসরি উপকৃত হতে পারেন না। এ কাজে কৃষি সম্প্রসারণ কর্মী/কর্মকর্তাদের সহযোগিতার প্রয়োজন হয়।

বিষয়টি বিবেচনা করে এবং মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক এবছর Fertilizer Recommendation Guide এর ইংরেজি সংস্করণের সাথে "সার সুপারিশমালা হাতবই-২০১৮" শিরোনামে বাংলা সংস্করণ প্রণয়ন করা হয়েছে। তবে বাংলা সংস্করণটি ইংরেজি সংস্করণের ছবছ বাংলা অনুবাদ নয়। ইংরেজি সংস্করণ থেকে কৃষকের প্রয়োজনীয় অংশগুলো এবং আনুসঙ্গিক তথ্যাদি সংকলন করে বাংলা সংস্করণ প্রণীত হয়েছে। হাতবইটির প্রথমার্শে ফসলের প্রয়োজনীয় পুষ্টি উপাদান, পুষ্টি উপাদানের অভাবজনিত লক্ষণ, সার, সারের শ্রেণি বিভাগ, সারে বিদ্যমান পুষ্টি উপাদান, মাটির উর্বরতা ও উর্বরতা ব্যবস্থাপনা, মাটির জৈব পদার্থ ব্যবস্থাপনা, বিভিন্ন প্রকার জৈব সার, সার ব্যবস্থাপনা, সার প্রয়োগে বিবেচ্য বিষয়সমূহ, সার প্রয়োগের সময় ও পদ্ধতি, মাঠ পর্যায়ে ভেজাল সার সনাক্তকরণ পদ্ধতি ইত্যাদি বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হয়েছে।

বইটির দ্বিতীয় অংশে কৃষি গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহে পরিচালিত গবেষণা ফলাফলের ভিত্তিতে দেশের বিভিন্ন কৃষি পরিবেশ অঞ্চলের জন্য সার সুপারিশমালা অন্তর্ভুক্ত করা হয়েছে। বিভিন্ন প্রকার ফল শস্যক্রম/ফসলখারার মধ্যে অন্তর্ভুক্ত না থাকায় একটি অধ্যায়ে ফুল চাষের সার সুপারিশমালা অন্তর্ভুক্ত করা হয়েছে। কিছু কিছু গুরুত্বপূর্ণ ফসল যেমন- তুলা, আনারস, তরমুজ, পান, সুগারবিট, ধনিয়া ইত্যাদি শস্যক্রম/ফসলখারার মধ্যে অন্তর্ভুক্ত না থাকায় এসব ফসলের সার সুপারিশমালা আলাদাভাবে লিপিবদ্ধ করা হয়েছে। বর্তমানে দেশের বিভিন্ন এলাকায় বাণিজ্যিক ভিত্তিতে ফুল চাষ করা হচ্ছে বিধায় হাতবইটিতে বিভিন্ন প্রজাতির ফুল চাষের সারের মাত্রা অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ছাড়া দেশের বিভিন্ন অঞ্চলে বাণিজ্যিক ভিত্তিতে গবাদি পশু পালন করা হচ্ছে এবং এর জন্য বিভিন্ন প্রজাতির ঘাস চাষ করা হচ্ছে। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে হাতবইটিতে বিভিন্ন প্রজাতির ঘাস চাষের সার সুপারিশ অন্তর্ভুক্ত করা হয়েছে। হাতবইটিতে কৃষকদের প্রয়োজনীয় সার ব্যবহার সংক্রান্ত আনুসঙ্গিক কিছু তথ্যাদি সহজবোধ্য ভাষায় লিপিবদ্ধ করা হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা এবং কৃষকেরাও বইটি সহজেই ব্যবহার করতে পারবেন। হাতবইটি ব্যাপকভাবে ব্যবহারের আশাবাদ ব্যক্ত করছি এবং এটি দেশের কৃষি উৎপাদন ও খাদ্য নিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা করছি।

বিএআরসি'সহ সকল বিজ্ঞানী ও কর্মকর্তা হাতবইটি প্রণয়ন ও প্রকাশনার জন্য নিরলস পরিশ্রম করেছেন তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। যে সকল গবেষণা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয় ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বইটি প্রণয়নের জন্য তথ্য দিয়ে সহযোগিতা করেছেন তাদেরকে আন্তরিক অভিবাদন জানাচ্ছি। হাতবইটি প্রকাশের জন্য আর্থিক সহযোগিতা করার জাতীয় কৃষি প্রযুক্তি প্রকল্প-২ (NAIP-2) এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।



(ড. মুস্তান আহম্মদ)

সদস্য পরিচালক (এনআরএম)  
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

## সূচিপত্র

মুখবন্ধ	
পূর্বকথা	
প্রসঙ্গ-কথা	
ভূমিকা .....	১
উদ্ভিদ পুষ্টি উপাদান .....	১
সার ও সারের শ্রেণি বিভাগ .....	১
সারে বিদ্যমান পুষ্টি উপাদান .....	০৩
ফসলে পুষ্টি উপাদানের অভাবজনিত লক্ষণসমূহ .....	০৪
বিভিন্ন ফসলে পুষ্টি উপাদানের অভাবজনিত লক্ষণের চিত্র .....	০৫
মাটির উর্বরতা .....	১৪
মাটির জৈব পদার্থ ব্যবস্থাপনা .....	১৪
খামারজাত সার .....	১৫
কম্পোস্ট সার .....	১৫
ফসলের পরিত্যক্ত অংশ .....	১৫
ভার্মিকম্পোস্ট (কেঁচো সার) .....	১৬
ট্রাইকো-কম্পোস্ট .....	১৬
বায়ো-স্তরী সার .....	১৬
সবুজ সার .....	১৬
অণুজীবসার .....	১৭
সার ব্যবস্থাপনা .....	১৭
সার প্রয়োগে বিবেচ্য বিষয়সমূহ .....	১৮
সার প্রয়োগের সময় ও পদ্ধতি .....	১৯
মাঠ পর্যায়ে ভেজাল সার সনাক্তকরণ পদ্ধতি .....	২২
কৃষি পরিবেশ অঞ্চল .....	২৭
সার সুপারিশমালা প্রণয়ন .....	২৭
কৃষি পরিবেশ অঞ্চল অনুযায়ী ফসলধারা ভিত্তিক সার সুপারিশমালা .....	২৮
একক ফসল ভিত্তিক সার সুপারিশ .....	৭১
ফল ফসলের সার সুপারিশমালা .....	৭৩
পরিশিষ্ট .....	১০৫

## ভূমিকা

বাংলাদেশ একটি জনবহুল কৃষি প্রধান দেশ। যোল কোটি মানুষের এদেশের অর্থনীতির মূল চালিকা শক্তি কৃষি। দেশের শতকরা প্রায় ৪০ ভাগ লোক কৃষির ওপর নির্ভরশীল। বর্ধনশীল জনসংখ্যার বসতবাড়ি এবং রাস্তাঘাট, স্কুল কলেজ, শিল্প কারখানা ইত্যাদি নির্মাণ ও জমির অন্যান্য বহুবিধ ব্যবহার বৃদ্ধির কারণে দেশে কৃষি জমির পরিমাণ ক্রমাগত হ্রাস পাচ্ছে। অন্যদিকে জনসংখ্যা বৃদ্ধির কারণে দেশে ক্রমাগত খাদ্য চাহিদা বৃদ্ধি পাচ্ছে। ক্রমহ্রাসমান কৃষি জমি থেকে বর্ধিত খাদ্য চাহিদা মেটাতে ক্রমশ কৃষি জমির ওপর চাপ বৃদ্ধি পাচ্ছে। আগে যেসব জমিতে এক ফসল চাষ করা হতো তার অনেক জমিতেই এখন দুই বা তিন ফসল চাষ করা হচ্ছে। এছাড়া বিভিন্ন ফসলের স্থানীয় জাতের পরিবর্তে এখন উচ্চ ফলনশীল বা হাইব্রিড জাত চাষ করা হচ্ছে। স্থানীয় জাতের তুলনায় উচ্চ ফলনশীল ও হাইব্রিড জাতের খাদ্য চাহিদা বেশি হওয়ায় এখন জমি থেকে পূর্বের তুলনায় অনেক বেশি পরিমাণে উচ্চদ খাদ্যোপাদান অপসারিত হচ্ছে। ফলে জমির জৈব পদার্থ ও উর্বরতা ক্রমাগত হ্রাস পাচ্ছে এবং নতুন নতুন উচ্চদ খাদ্য উপাদানের অভাব দেখা দিচ্ছে। আগে যেখানে ইউরিয়া, টিএসপি ও এমওপি সার দিয়ে ফসল চাষ করা যেত এখন সেখানে এ সারগুলি ছাড়াও জিপসাম, দস্তা, বোরন ইত্যাদি সার ব্যবহার করতে হচ্ছে।

এমতাবস্থায়, মাটির স্বাস্থ্য ঠিক রাখা এবং ভবিষ্যৎ টেকসই ফসল উৎপাদন ব্যবস্থা বজায় রাখার স্বার্থে মাটি ও সার ব্যবস্থাপনার দিকে বিশেষভাবে নজর দেয়া প্রয়োজন। মাটির স্বাস্থ্য ও উর্বরতা ঠিক রাখা এবং ভাল ফসল উৎপাদনের জন্য জৈব সার ও ফসলের চাহিদা অনুযায়ী সুখম মাত্রায় বিভিন্ন প্রকার রাসায়নিক সারের ব্যবহার অত্যন্ত জরুরি। সারের মাত্রা কম হলে ফসলের কঙ্কিত ফলন পাওয়া যায়না, আবার বেশি হলে আনুপাতিক হারে ফলন বাড়ে না কিন্তু খরচ বেড়ে যায় এবং আর্থিক ক্ষতি হয়। এছাড়া বেশি মাত্রায় সার দিলে অতিরিক্ত সার জমিতে থেকে যায় এবং এতে পরিবেশের ক্ষতি হয়। বিষয়গুলি সার্বিকভাবে বিবেচনায় রেখে একটি টেকসই ফসল উৎপাদন ব্যবস্থা প্রবর্তনের জন্য মৌসুমের শুরুতেই একটি সুষ্ঠু সার ব্যবহার পরিকল্পনা করতে হবে এবং পরিকল্পনা মফিক সার ব্যবহার করতে হবে। এতে ফসলের ফলন ভাল হবে, ফসল উৎপাদন লাভজনক হবে, জমির স্বাস্থ্য ভাল থাকবে এবং পরিবেশও ভাল থাকবে।

## ১. উচ্চদ পুষ্টি উপাদান

প্রাণীদের বেঁচে থাকার জন্য যেমন খাদ্যের প্রয়োজন হয় ফসলের বেঁচে থাকা ও স্বাভাবিক বৃদ্ধির জন্যও তেমন খাদ্যের তথা পুষ্টি উপাদানের প্রয়োজন হয়। উচ্চদের বেঁচে থাকা, স্বাভাবিক বৃদ্ধি ও জীবন চক্র (বীজ গজানো থেকে শুরু করে বীজ উৎপাদন পর্যন্ত) সম্পন্ন করার জন্য মোট ১৬টি পুষ্টি উপাদানের প্রয়োজন হয়। পুষ্টি উপাদানগুলো হচ্ছে কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন, ফসফরাস, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, সালফার (গন্ধক), জিংক (দস্তা), বোরন, কপার, আয়রন, ম্যাঙ্গানিজ, মৌলিভডেনাম ও ক্লোরিন। প্রথম নয়টি পুষ্টি উপাদান অর্থাৎ কার্বন থেকে সালফার পর্যন্ত ফসলে বেশি পরিমাণে প্রয়োজন হয় বিধায় এদেরকে মুখ্য পুষ্টি উপাদান এবং বাকি সাতটি উপাদান কম পরিমাণে প্রয়োজন হয় বিধায় এদেরকে গৌণ পুষ্টি উপাদান বলা হয়। এ পুষ্টি উপাদানের সবগুলিই মাটিতে বিদ্যমান রয়েছে। এগুলোর কোন একটির অভাব হলে আরেকটি দিয়ে তা পূরণ করা যায় না, উচ্চদের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হয় এবং উচ্চদ তার জীবনচক্র সম্পন্ন করতে পারে না। এজন্য এগুলোকে উচ্চদের অত্যাৱশ্যকীয় পুষ্টি উপাদান বলা হয়। এছাড়া আরও কিছু উপাদান রয়েছে যেমন- নিকেল, কোবাল্ট, সোডিয়াম, সিলিকন, সিলেনিয়াম ও ভেনাডিয়াম উচ্চদের জন্য অত্যাৱশ্যকীয় নয় তবে উপকারি উপাদান হিসেবে বিবেচনা করা হয়। উচ্চদ কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন এ তিনটি উপাদান বায়ু ও পানি থেকে গ্রহণ করে এবং বাকি ১৩টি উপাদান মাটি থেকে শিকড়ের মাধ্যমে গ্রহণ করে থাকে।

## ২. সার ও সারের শ্রেণি বিভাগ

### ২.১ সার

উচ্চদ তথা ফসলের পুষ্টি উপাদান সরবরাহের উদ্দেশ্যে যে সকল রাসায়নিক, জৈব ও অণুজৈবিক দ্রব্য ব্যবহার করা হয় তাদেরকে সার বলা হয়। উপরে উল্লেখ করা হয়েছে যে, ফসল তার প্রয়োজনীয় পুষ্টি উপাদান বায়ু, পানি ও মাটি থেকে সংগ্রহ করে থাকে। কোন জমিতে ক্রমাগত ফসল চাষ করতে থাকলে মাটিতে বিদ্যমান পুষ্টি উপাদান ক্রমাগত কমতে থাকে এবং এক পর্যায়ে ফসলের প্রয়োজনের তুলনায় তা ঘাটতি পড়ে; ফলে ফসলের চাহিদা পূরণ হয়না। এমতাবস্থায় ফসল অপুষ্টিতে ভুগতে থাকে এবং ফলশ্রুতিতে ফলন কম হয়। পুষ্টি উপাদানের এ ঘাটতি পূরণের জন্য তাই সার প্রয়োগের



প্রয়োজন হয়। বর্তমানে বাংলাদেশের মাটিতে স্থানভেদে নাইট্রোজেন, ফসফরাস, পটাসিয়াম, সালফার (গন্ধক), জিংক (দস্তা), বোরন ও ম্যাগনেসিয়াম এ সাতটি উপাদানের ঘাটতি দেখা যায় এবং সার প্রয়োগের মাধ্যমে এ ঘাটতি পূরণ করতে হয়। মাটির উর্বরতা ও ফসলের চাহিদাভেদে সার প্রয়োগের মাত্রা বিভিন্ন হয়ে থাকে।

## ২.২ সারের শ্রেণি বিভাগ

সারকে বিভিন্নভাবে শ্রেণি বিভাগ করা হয়ে থাকে, যেমন- সারের উৎস, সারে বিদ্যমান পুষ্টি উপাদান এবং সারের আকৃতি প্রকৃতি ও গঠন অনুসারে।

উৎস অনুসারে সারকে তিন ভাগে ভাগ করা হয়ে থাকে, যেমন-

- ক) রাসায়নিক সার: রাসায়নিক উৎস থেকে প্রস্তুতকৃত সার, যেমন- ইউরিয়া, টিএসপি, ডিএপি, এমওপি ইত্যাদি।
- খ) জৈব সার: জৈব উৎস থেকে প্রস্তুতকৃত সার অর্থাৎ জৈব দ্রব্য পচিয়ে যে সার প্রস্তুত করা হয়।
- গ) অণুজীবসার: ফসলের জন্য উপকারী অণুজীব সম্বলিত সার। এ সারকে বায়ো-ফার্টলাইজার বলা হয়ে থাকে। যে সকল ফসলের শিকড়ে গুটি তৈরি হয় সে সকল ফসল যেমন- ডাল, সীম, বরবটি, বাদাম, অভুহর ইত্যাদি ফসলে অণুজীবসার প্রয়োগ করা যায়। তবে একই অণুজীব সার সব ফসলে ব্যবহার করা যায় না; প্রত্যেকটি ফসলের জন্য অণুজীবসার ভিন্ন অর্থাৎ একটি অণুজীব সার মাত্র একটি নির্দিষ্ট ফসলেই কাজ করে অন্য ফসলে কাজ করে না।

ফসলের পুষ্টি উপাদানের শ্রেণি অনুসারে সারকে দুই ভাগে ভাগ করা হয়ে থাকে, যেমন-

- ক) মুখ্য পুষ্টি উপাদান বিশিষ্ট সার, যেমন- ইউরিয়া, টিএসপি, ডিএপি, এমওপি, জিপসাম ইত্যাদি।
- খ) গৌণপুষ্টি উপাদান বিশিষ্ট সার, যেমন- জিংক সালফেট (মনো হাইড্রেট), জিংক সালফেট (হেপ্টাহাইড্রেট), বরিক এসিড, সলুবোর ইত্যাদি।

সারের আকৃতি প্রকৃতি ও গঠন অনুসারে সারকে তিন ভাগে ভাগ করা হয়ে থাকে, যেমন-

- ক) সরল সার: একক পুষ্টি উপাদান বিশিষ্ট সার, যেমন- ইউরিয়া (নাইট্রোজেন), টিএসপি (ফসফরাস), এমওপি (পটাসিয়াম) ইত্যাদি।
- খ) যৌগিক সার: রাসায়নিকভাবে সংযুক্ত একাধিক পুষ্টি উপাদান বিশিষ্ট সার, যেমন- ডিএপি (নাইট্রোজেন ও ফসফরাস), এসওপি (ফসফরাস ও সালফার) ইত্যাদি।
- গ) মিশ্র সার: একাধিক সার মিশ্রণের মাধ্যমে প্রস্তুতকৃত সার, যেমন- এনপিকেএস (NPKS) মিশ্র সার।

### ৩. সারের পুষ্টি উপাদান

সারের সঠিক ব্যবহার ও মাত্রা নির্ধারণের জন্য কোন সারে কি পুষ্টি উপাদান কী পরিমাণে রয়েছে তা জানা প্রয়োজন। সাধারণত বস্তার গায়ে, লেবেলে বা প্যাকের গায়ে সারের নাম, পুষ্টি উপাদানের নাম ও তার পরিমাণ লেখা থাকে। সারের উপাদানগুলো সাধারণত নাইট্রোজেন (N), ফসফরাস (P), পটাসিয়াম (K), সালফার (S) অথবা জিংক (Zn) ইত্যাদির শতকরা হারে প্রকাশ করা হয়।

সারণী-১: এদেশে বহুল ব্যবহৃত রাসায়নিক সার, সারে বিদ্যমান পুষ্টি উপাদান ও তার শতকরা পরিমাণ।

ক্রমিক নং	সারের নাম	পুষ্টি উপাদান	শতকরা পরিমাণ (%)
১.	ইউরিয়া	নাইট্রোজেন (N)	৪৬
২.	টিএসপি (ট্রিপল সুপার ফসফেট)	ফসফরাস (P)	২০
৩.	ডিএপি (ডাই অ্যামোনিয়াম ফসফেট)	ফসফরাস (P)	২০
		নাইট্রোজেন (N)	১৮
৪.	এমওপি (মিউরেট অব পটাশ)	পটাসিয়াম (K)	৫০
৫.	এসওপি (সালফেট অব পটাশ)	পটাসিয়াম (K)	৪২
		সালফার (S)	১৭
৬.	জিপসাম	সালফার (S)	১৮
৭.	জিংক সালফেট, মনো-হাইড্রেট	দস্তা/জিংক (Zn)	৩৬
		গন্ধক/সালফার (S)	১৮
৮.	জিংক সালফেট, হেক্সা-হাইড্রেট	দস্তা/জিংক (Zn)	২৩
		গন্ধক/সালফার (S)	১১
৯.	বরিক এসিড	বোরন (B)	১৭
১০.	সলুবোর	বোরন (B)	২০
১১.	ম্যাগনেসিয়াম সালফেট	ম্যাগনেসিয়াম (Mg)	৯.৫
		গন্ধক/সালফার (S)	১২.৫
১২.	অ্যামোনিয়াম সালফেট	নাইট্রোজেন (N)	২১
		গন্ধক/সালফার (S)	২৩.৫

সারণী-২: বিভিন্ন প্রকার জৈব সারের পুষ্টি উপাদান ও তার শতকরা পরিমাণ।

জৈব সার	অর্ধতা (%)	নাইট্রোজেন (N) (%)	ফসফরাস (P) (%)	পটাসিয়াম (K) (%)	সালফার (S) (%)
গোবর	৬০±৬.০	০.৫±০.০৫	০.১৫±০.১৫	০.৫±০.০৫	-
পচা গোবর	৩৫±৩.৫	১.২±০.১২	১.০±০.১	১.৬±০.১৬	০.১৩±০.০১
খামারজাত সার	৬৭±৬.৭	১.৬±০.১৬	০.৮৩±০.০৮	১.৭±০.১৭	০.৫৬±০.০৬
মুরগির বিষ্ঠা সার	৫৫±৫.৫	১.৯±০.১৯	০.৫৬±০.০৬	০.৭৫±০.০৭	১.১±০.১১
কম্পোস্ট সার	৪০±৪.০	০.৭৫±০.০৭	০.৬±০.০৬	১.০±০.১	-
সরিষার খৈল	১৫±১.৫	৫.০±০.৫	১.৮±০.১৮	১.২±০.১২	-

## ৪. ফসলে পুষ্টি উপাদানের অভাবজনিত লক্ষণসমূহ

পুষ্টি উপাদান	অভাবজনিত লক্ষণ
নাইট্রোজেন	নাইট্রোজেনের ঘাটতিতে ফসলের পুরাতন পাতা হলুদ হয়ে যায় এবং বেশি ঘাটতি হলে ধীরে ধীরে নুতন পাতাও হলুদ বর্ণ ধারণ করে।
ফসফরাস	ফসফরাসের ঘাটতিতে ফসলের পুরাতন পাতা বেগুনী রং ধারণ করে, যা চারা অবস্থায় ভুট্টাতে পরিষ্কার দেখা যায়। এছাড়া দানাদার ফসলে কুশি কম হয়।
পটাসিয়াম	ফসলের পাতার কিনার থেকে ভিতর দিকে প্রথমে সাদাটে রং ধারণ করে এবং পরে আন্তে আন্তে শুকাতো থাকে। ধানের খড় দুর্বল হয়ে পড়ে এবং ফসল রোগ সংবেদনশীল হয়ে পড়ে।
সালফার	প্রথমে ফসলের কচি পাতা বা নুতন পাতা হলুদ হয় ও ধীরে ধীরে পুরাতন পাতা হলুদ হয়। সরিষা জাতীয় ফসলের (যেমন- সরিষা, বাঁধাকপি, ফুলকপি, মুলা ইত্যাদি) পাতার তলার দিকে লালচে রং ধারণ করে।
ম্যাগনেসিয়াম	পুরাতন পাতার শিরার মাঝে হলুদাভ/সাদাটে রং হয়; তুলা গাছের নিচের দিকের পাতা লালচে-বেগুনী রং ধারণ করে।
জিংক (দস্তা)	প্রথমিক পর্যায়ে ধানের পাতার গোড়ার দিকে সাদাটে রং হয় এবং পরে পাতার উপর বাদামী রঙের মরিচার ন্যায় ফোটা ফোটা দাগ পড়ে। ভুট্টার পাতার শিরার মাঝে হলুদাভ/সাদাটে লম্বা দাগ হয় এবং ডগা সাদাটে রং হয়; ফল গাছের ডগায় ছোট ছোট পাতার গুচ্ছ তৈরি হয়।
বোরন	গম, সরিষা, ভুট্টা, সূর্যমুখী ইত্যাদি ফসলে দানা হয়না বা অপুট দানা হয়; ডাল ফসলের চারা দুর্বল হয়, ফুলকপির মাঝে ফাপা হয়; পেঁপে, কাঁঠাল ইত্যাদি ফল এবড়ো থেবড়ো আকারের হয়।

৫. বিভিন্ন ফসলে পুষ্টি উপাদানের  
অভাবজনিত লক্ষণের চিত্র



ধান ফসলে নাইট্রোজেনের অভাবজনিত লক্ষণ



গম ফসলে নাইট্রোজেনের অভাবজনিত লক্ষণ (মাঝে)



টমারের স্বাভাবিক পাতা (বামে)  
টমারের পাতায় নাইট্রোজেনের অভাবজনিত লক্ষণ (ডানে)



ভুট্টা গাছে নাইট্রোজেনের অভাবজনিত লক্ষণ




আলু গাছে নাইট্রোজেনের  
অভাবজনিত লক্ষণ



সয়াবিনের পাতায় নাইট্রোজেনের  
অভাবজনিত লক্ষণ (ডানে)



শশাতে নাইট্রোজেনের  
অভাবজনিত লক্ষণ



ধান ফসলে ফসফরাসের অভাবজনিত লক্ষণ



ভুট্টা গাছে ফসফরাসের অভাবজনিত লক্ষণ



বাঁধাকপির চারায় ফসফরাসের  
অভাবজনিত লক্ষণ



টমেটোর পাতায় ফসফরাসের  
অভাবজনিত লক্ষণ




টমেটোর পাতায় ফসফরাসের অভাবজনিত লক্ষণ



পেঁয়ারার পাতায় ফসফরাসের অভাবজনিত লক্ষণ (বামে)



কলারপাতায় ফসফরাসের অভাবজনিত লক্ষণ



ধানে পটাসিয়ামের অভাবজনিত লক্ষণ



গমে পটাসিয়ামের অভাবজনিত লক্ষণ



ভুট্টাতে পটাসিয়ামের অভাবজনিত লক্ষণ



টমেটোর পাতায় পটাশিয়ামের অভাবজনিত লক্ষণ



আলুতে পটাশিয়ামের অভাবজনিত লক্ষণ



তুলাতে পটাশিয়ামের অভাবজনিত লক্ষণ



সয়াবিনে পটাশিয়ামের অভাবজনিত লক্ষণ



ধানে সালফার (গন্ধক) এর অভাবজনিত লক্ষণ



গমে সালফার (গন্ধক) এর অভাবজনিত লক্ষণ

ভুট্টাতে সালফার (গন্ধক) এর অভাবজনিত লক্ষণ



আলুতে সালফার (গন্ধক) এর অভাবজনিত লক্ষণ

সরিষাতে সালফার (গন্ধক) এর অভাবজনিত লক্ষণ





কলাতে সালফার (গন্ধক) এর অভাবজনিত লক্ষণ



টমেটোতে সালফার (গন্ধক) এর অভাবজনিত লক্ষণ



আগুতে ম্যাগনেসিয়ামের অভাবজনিত লক্ষণ



টমেটোর পাতায় ম্যাগনেসিয়ামের অভাবজনিত লক্ষণ



কলাতে ম্যাগনেসিয়ামের অভাবজনিত লক্ষণ



ভুট্টাতে ম্যাগনেসিয়ামের অভাবজনিত লক্ষণ



গমে ম্যাগনেসিয়ামের  
অভাবজনিত লক্ষণ



মিষ্টি কুমড়াতে ম্যাগনেসিয়ামের  
অভাবজনিত লক্ষণ



আঙ্গুরে ম্যাগনেসিয়ামের  
অভাবজনিত লক্ষণ



সয়াবিনের পাতায় ম্যাগনেসিয়ামের  
অভাবজনিত লক্ষণ



স্ট্রবেরিতে ম্যাগনেসিয়ামের  
অভাবজনিত লক্ষণ



ধানে জিংক (দস্তা) এর অভাবজনিত লক্ষণ



ভুট্টাতে জিংক (দস্তা) এর অভাবজনিত লক্ষণ



টমেটোর পাতায় জিংক (দস্তা) এর অভাবজনিত লক্ষণ

সেবুতে জিংক (দস্তা) এর অভাবজনিত লক্ষণ

তুলার পাতায় জিংক (দস্তা) এর অভাবজনিত লক্ষণ



পেঁয়াজে জিংক (দস্তা) এর অভাবজনিত লক্ষণ

ফুলকপিতে বোরনের অভাবজনিত লক্ষণ



আঙ্গুতে বোরনের  
অভাবজনিত লক্ষণ



টমেটোতে বোরনের  
অভাবজনিত লক্ষণ



সরিষাতে বোরনের  
অভাবজনিত লক্ষণ



পেঁপেতে বোরনের  
অভাবজনিত লক্ষণ



স্ট্রবেরিতে বোরনের  
অভাবজনিত লক্ষণ



গমে বোরনের অভাবজনিত লক্ষণ (বামে)  
স্বাভাবিক গম শীশ (ডানে)

## ৬. মাটির উর্বরতা

মাটির উর্বরতা বলতে মাটিতে কি পরিমাণে ফসলের খাদ্য উপাদান তথা পুষ্টি উপাদান বিদ্যমান রয়েছে তা বুঝায়। ফসলের খাদ্য উপাদানের মূল উৎস মাটি। মাটিতে ফসলের অত্যাবশ্যকীয় সকল পুষ্টি উপাদান, যেমন- নাইট্রোজেন, ফসফরাস, পটাসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, সালফার (গন্ধক), জিংক (দস্তা), বোরন, কপার, আয়রন, ম্যাঙ্গানিজ, মৌলিবডেনাম ও ক্লোরিন বিদ্যমান রয়েছে। তবে জমিতে এদের পরিমাণের তারতম্য রয়েছে অর্থাৎ জমির উর্বরতার ভিন্নতা রয়েছে। জমির উর্বরতা বিভিন্ন কারণ দ্বারা প্রভাবিত হয়ে থাকে। এর মধ্যে মাটির গঠন ও প্রকৃতি, ভূমি শ্রেণি, মাটির প্রকার, মাটির পিএইচ তথা অম্লতা বা ক্ষারকত্ব, জৈব পদার্থ, অণুজৈবিক ক্রিয়াকলাপ, ফসল ও সার ব্যবস্থাপনা এবং পানি ব্যবস্থাপনা অন্যতম।

মাটি গঠনের মূল উপাদানের মধ্যেই উর্বরতার তারতম্য রয়েছে। সৃষ্টিগতভাবেই কোন কোন মাটি বেশি উর্বর আবার কোন কোন মাটি কম উর্বর। ভূমি শ্রেণি অর্থাৎ উঁচু, মাঝারি উঁচু, মাঝারি নিচু, নিচু এবং অতি নিচু জমির কারণেও জমির উর্বরতার পার্থক্য হয়ে থাকে। সাধারণত উঁচু জমি কম উর্বর এবং নিচু জমি বেশি উর্বর হয়ে থাকে। মাটির প্রকার অর্থাৎ বেলে মাটি, দোআঁশ মাটি ও এটেল মাটি এর মধ্যেও উর্বরতার পার্থক্য রয়েছে। দোআঁশ মাটি ও এটেল মাটির চেয়ে বেলে মাটি কম উর্বর। মাটির পিএইচ তথা অম্লতা ও ক্ষারকত্ব দ্বারা মাটির উর্বরতা ব্যাপকভাবে প্রভাবিত হয়ে থাকে। অধিক অম্ল বা অধিক ক্ষারকত্ব বিশিষ্ট মাটি কৃষি কাজের জন্য তেমন উপযোগী নয়। এসব মাটিতে ফসলের খাদ্য উপাদান বিদ্যমান থাকা সত্ত্বেও তা ফসলের গ্রহণ উপযোগী আকারে থাকে না এবং ফসল তা গ্রহণ করতে পারে না। মৃদু অম্ল থেকে নিরপেক্ষ মাটি ফসল উৎপাদনের জন্য সবচেয়ে বেশি উপযোগী।

ফসল ও সার ব্যবস্থাপনা এবং পানি ব্যবস্থাপনাও মাটির উর্বরতাকে প্রভাবিত করে থাকে। ডাল জাতীয় ফসল এবং পাট মাটির উর্বরতা বৃদ্ধি করে থাকে। ডাল জাতীয় ফসলের শিকড়ে এক শ্রেণির ব্যাকটেরিয়া পারস্পরিক উপকারের নিমিত্তে এক ধরনের ছোট ছোট গুটি তৈরি করে। এসব গুটির মধ্যে ব্যাকটেরিয়া বাসা বাধে এবং বায়ুর নিক্রিয় নাইট্রোজেনকে ফসলের গ্রহণ উপযোগী আকারে গুটিতে জমা করে তা ফসলকে সরবরাহ করে। এর বিনিময়ে ব্যাকটেরিয়া ডাল গাছ থেকে তার প্রয়োজনীয় কার্বন (শক্তি) সংগ্রহ করে। গাছ বায়ু থেকে কার্বন গ্রহণ করতে পারে বিধায় এতে গাছের কোন ক্ষতি হয় না। ডাল ফসল এবং ব্যাকটেরিয়া এভাবে পারস্পরিক উপকারের ভিত্তিতে একত্রে বসবাস করে। ডাল ফসল পাকার পর শিকড়ের এসব গুটি মাটিতে মিশে মাটির উর্বরতা বৃদ্ধি করে। এজন্য ডাল ফসল কর্তনের সময় শিকড় মাটিতে রেখে দিলে জমির উর্বরতা বাড়ে। পাট চাষ করলে ৩-৪ মাস যাবৎ পাটের প্রচুর পাতা জমিতে পড়ে এবং এভাবে মাটির জৈব পদার্থ বৃদ্ধির মাধ্যমে মাটির উর্বরতা বৃদ্ধি পায়। পাটের শিকড় বেশ লম্বা হওয়ায় মাটির গভীর থেকে পুষ্টি উপাদান সংগ্রহ করতে পারে এবং জমিতে পাতা পড়ার মাধ্যমে এসব পুষ্টি উপাদান মাটির উপরের স্তরে জমা হয়, যা পরবর্তী ফসল সহজেই গ্রহণ করতে পারে। এ কারণে যে কোন জমিতে বছরে একবার যে কোন ডাল জাতীয় ফসল বা পাট চাষ করলে জমির উর্বরতা বৃদ্ধি পায়।

জমিতে বেশি চাষ দেয়া হলে এবং মাটি বেশি উলট পালট বা নাড়াচাড়া করা হলে মাটিতে বায়ু চলাচল বৃদ্ধি পায়। এতে মাটির জৈব পদার্থ বেশি বেশি বাতাসের অক্সিজেনের সংস্পর্শে আসে এবং এর ফলে জৈব পদার্থ কার্বন ডাই-অক্সাইড গ্যাসে রূপান্তরিত হয়ে বায়ুমন্ডলে চলে যায়। এভাবে মাটির জৈব পদার্থ কমতে থাকে এবং সাথে সাথে মাটির উর্বরতাও কমতে থাকে। তাই জমিতে কম চাষ দেয়া এবং মাটি কম উলট পালট বা নাড়াচাড়া করা মাটির উর্বরতা রক্ষার জন্য সহায়ক। একইভাবে, জমি নিরবিচ্ছিন্নভাবে পানিতে নিমজ্জিত থাকলে বাতাসের অক্সিজেন সহজে মাটিতে পৌঁছাতে পারে না। তাই মাটির জৈব পদার্থও নষ্ট হতে পারে না বরং বৃদ্ধি পায়। এর ফলে দেখা যায়, সারা বছর পারাবাহিকভাবে ধান চাষ করা হলে মাটির জৈব পদার্থ না কমে বরং কিছুটা বৃদ্ধি পায়। এভাবে ফসলের পানি ব্যবস্থাপনাও মাটির উর্বরতাকে প্রভাবিত করে থাকে।

## ৭. মাটির জৈব পদার্থ ব্যবস্থাপনা

প্রাণি, গাছপালা ও লতাপাতা মাটির জৈব পদার্থের প্রধান উৎস। জৈব পদার্থ মাটির ভৌত ও রাসায়নিক গুণাবলীর উন্নয়ন করে এবং অণুজৈবিক ক্রিয়াকলাপ বৃদ্ধি করে। জৈব পদার্থ মাটির গঠন উন্নয়ন করে, মাটি কুসুমুরে ও নরম করে। ফলে গাছের শিকড় সহজে মাটিতে প্রবেশ করতে পারে এবং মাটিতে বায়ু চলাচল বৃদ্ধি পায়। মাটির জৈব পদার্থকে জমির উর্বরতার চাবিকাঠি বলা যেতে পারে। মাটির যাবতীয় গুণাগুণ জৈব পদার্থ দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে। জৈব পদার্থ ফসলের পুষ্টি উপাদান, প্রধানত নাইট্রোজেন, ফসফরাস ও সালফার এর প্রধান উৎস। জৈব পদার্থকে উদ্ভিদ পুষ্টির 'স্টোর হাউজ' বা সংরক্ষণাগার এবং মাটির 'জীবনী শক্তি' বলা হয়। জৈব পদার্থ মাটির অম্লত্ব ও ক্ষারকত্ব নিয়ন্ত্রণে সহায়তা করে। এছাড়া জৈব পদার্থ মাটির উপকারী অণুজীবের ক্রিয়াকলাপ বৃদ্ধির মাধ্যমে মাটিতে বিদ্যমান খাদ্য উপাদানকে ফসলের গ্রহণ উপযোগী আকারে

রূপান্তরিত করতে সহায়তা করে। একটি উর্বর কৃষি জমিতে শতকরা ১.৫ ভাগ জৈব পদার্থ থাকা প্রয়োজন। কিন্তু বাংলাদেশের অধিকাংশ জমিতে শতকরা ১.৫ ভাগেরও কম জৈব পদার্থ রয়েছে। সাধারণত উঁচু জমি ও বেলে মাটিতে তুলনামূলকভাবে জৈব পদার্থ কম থাকে এবং নিচু জমি ও আঠালো মাটিতে বেশি থাকে। মাটির জৈব পদার্থ অণুজৈবিক পচনের মাধ্যমে কমতে থাকে। অণুজৈবিক কার্যকলাপ তাপমাত্রা ও আর্দ্রতার ওপর বহুলাংশে নির্ভরশীল। উচ্চ তাপমাত্রায় মাটির অণুজৈবিক কার্যকলাপ বৃদ্ধি পায়, ফলে জৈব পদার্থ হ্রাস পায়। জমিতে দীর্ঘ দিন ধরে পানি জমে থাকলে মাটির জৈব পদার্থ কিছুটা বৃদ্ধি পায় কিন্তু জমি পর্যায়ক্রমিকভাবে ভিজা ও শুকনা অবস্থাতে পরিবর্তিত হতে থাকলে জৈব পদার্থ কিছুটা হ্রাস পায়। এ কারণে ধারাবাহিকভাবে ধান চাষের জমিতে বেশিরভাগ সময় পানি জমে থাকার কারণে মাটির জৈব পদার্থ কিছুটা বৃদ্ধি পেতে দেখা যায়। অন্যদিকে ধান ও শুকনা জমির ফসল, যেমন- গম, ভুট্টা, সবজি ইত্যাদি পর্যায়ক্রমিকভাবে চাষ করা হলে মাটির জৈব পদার্থ কিছুটা কমতে দেখা যায়। জমিতে নিয়মিত জৈব সার ব্যবহারের মাধ্যমে মাটির জৈব পদার্থ বজায় রাখা যায়।

মাটির জৈব পদার্থ পরিবর্তনশীল বিধায় এর দিকে সব সময় বিশেষভাবে নজর রাখা প্রয়োজন। জমির উর্বরতা রক্ষার জন্য নিয়মিতভাবে জৈব সার ব্যবহার করা প্রয়োজন। বিভিন্ন উৎস থেকে জৈব সার পাওয়া যেতে পারে, যার মধ্যে গোবর, মুরগির বিষ্ঠা, খামারজাত সার (গবাদি পশুর মল মুত্র, মুরগির বিষ্ঠা, খড়কুটা, সবজি ও ফসলের পরিত্যক্ত অংশ ইত্যাদি থেকে তৈরি সার), সবুজ সার অন্যতম। এছাড়া ফসল কর্তনের সময় সবজি ও ফসলের পরিত্যক্ত অংশ, খড়কুটা ইত্যাদি কিছুটা জমিতে রেখে দিলেও তা পচে মাটির জৈব পদার্থ বৃদ্ধিতে সহায়তা করে। নিম্নে বিভিন্ন প্রকার জৈব সারের বর্ণনা দেয়া হলো:

### খামারজাত সার

খামারজাত সার বাংলাদেশে সর্বাধিক ব্যবহৃত জৈব সার। খামারজাত সার সাধারণত গবাদি পশুর গোবর, গো-মুত্র, মুরগির বিষ্ঠা, গোয়াল ঘরে ব্যবহৃত খড়কুটা, ফসলের অবশিষ্টাংশ, লতাপাতা, বাসা বাড়ির বর্জ্য, গো-খাদ্যের উচ্ছিষ্টাংশ ইত্যাদি গর্তের মধ্যে পচিয়ে এ সার তৈরি করা হয়। এদেশে গোবরের একটি বড় অংশ জ্বালানী হিসেবে ব্যবহৃত হয়। জৈব সার হিসেবে এদেশে খামারজাত সারের পরের অবস্থানে রয়েছে মুরগির বিষ্ঠা সার। বিগত দুই দশকে এদেশে প্রচুর বাণিজ্যিক মুরগির খামার প্রতিষ্ঠিত হয়েছে। এসব মুরগির খামার থেকে প্রতিদিন প্রচুর পরিমাণে মুরগির বিষ্ঠা উৎপাদিত হচ্ছে, যা পচিয়ে জৈব সার হিসেবে ব্যবহৃত হচ্ছে।

উল্লেখ্য যে, ফসল ক্ষেতে কখনও তাজা গোবর বা মুরগির বিষ্ঠা প্রয়োগ করা উচিত নয়। কারণ তাজা গোবর পচনের সময় প্রচুর তাপ ও গ্যাস উৎপাদিত হয় যা ফসলের জন্য ক্ষতিকর। এদেশে অযত্নে অবহেলায় প্রচুর পরিমাণ খামারজাত সার তৈরির উপকরণ এবং এতে বিদ্যমান উদ্ভিদ পুষ্টি উপাদান নষ্ট হয়। খামারজাত সার চালানোর গর্তে সংরক্ষণ করা উচিত এবং গর্তে যাতে অতিরিক্ত পানি না ঢুকে সেদিকে খেয়াল রাখতে হবে। তবে এ সার একবারে শুকনা অবস্থায় রাখাও ঠিক নয়, একটু ভিজা ভিজা রাখতে হবে। একবারে শুকিয়ে গেলে এতে বিদ্যমান নাইট্রোজেন গ্যাস হয়ে উড়ে যায়। গো-মুত্রে প্রচুর পরিমাণে নাইট্রোজেন থাকে। তাই খামারজাত সারের সাথে গো-মুত্রও সংরক্ষণ করতে হবে। এতে সারের গুণগত মান বৃদ্ধি পাবে।

### কম্পোস্ট সার

ফসলের অবশিষ্টাংশ, লতাপাতা, আগাছা, কচুরীপানা, খাবারের উচ্ছিষ্টাংশ, বাসা বাড়ির বর্জ্য, নগর বর্জ্য ইত্যাদি একত্রে স্তুপাকারে জমা করে ও পচিয়ে এ সার তৈরি করা হয়। এসব স্তুপ একটির উপর আরেকটি স্তরে স্তরে রাখতে হবে। এক একটি স্তর ১০-১২ ইঞ্চি পুরুত্বের হতে পারে। স্তুপের আকার সাধারণত ৩-৪ হাত চওড়া ও ৩ হাত পরিমাণ উঁচু হতে হবে। পচন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য স্তুপের মাঝামাঝি উচ্চতায় ১.৫-২.০ ইঞ্চি পুরু করে তাজা গোবরের স্তর দেয়া যেতে পারে। এছাড়া স্তুপীকৃত স্তুপাদির সাথে অল্প কিছু ইউরিয়া ও টিএসপি সার মিশিয়ে দিলেও পচন প্রক্রিয়া ত্বরান্বিত হবে। স্তুপের উপরে কাদার প্রলেপ দিতে হবে। নির্দিষ্ট সময় পর পর পানি স্প্রে করে স্তুপ ভিজা রাখতে হবে। সমানভাবে পচার জন্য দেড়-দুই মাস পর স্তুপটি উল্টে পাশ্চাতে দিতে হবে। চার-পাঁচ মাসের মধ্যে স্তুপটি পচে কম্পোস্ট সার তৈরি হবে।

### ফসলের পরিত্যক্ত অংশ

ফসল কর্তনের সময় ফসল গাছের যে অংশ ফেলে দেয়া হয় বা জমিতে রেখে আসা হয় তাকে ফসলের পরিত্যক্ত অংশ বলা হয়। সারা দেশে প্রতি বছর প্রচুর পরিমাণে ফসলের এসব পরিত্যক্ত অংশ অযত্নে অবহেলায় নষ্ট হয়। অথচ এটি একটি মূল্যবান সার হতে পারে। এতে প্রচুর পরিমাণে জৈব পদার্থ ও উদ্ভিদ পুষ্টি থাকে। অনেক সময় জমি পরিষ্কার করার জন্য ফসলের এ পরিত্যক্ত অংশ জমিতেই পুড়িয়ে ফেলা হয় অথবা অন্যত্র সরিয়ে ফেলা হয়। ফসলের এ পরিত্যক্ত অংশের যথাযথ ব্যবহারে যত্নবান হওয়া প্রয়োজন। এ পরিত্যক্ত অংশ দিয়ে কম্পোস্ট সার তৈরি করা যেতে পারে। এছাড়া এসব খড়কুটা ফসল চাষের সময় জমিতে আচ্ছাদন হিসেবে ব্যবহার করা যেতে পারে, যা পরে জমিতেই পচে জৈব পদার্থ যোগ হতে পারে।

### ভার্মি-কম্পোস্ট (কঁচো সার)

কম্পোস্ট সার তৈরিতে কঁচো একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। কম্পোস্ট তৈরির জৈব উপাদানসমূহ, যেমন- ফসলের পরিত্যক্ত অংশ, লতাপাতা, আগাছা, কচুরীপানা, খাবারের উচ্ছিষ্টাংশ, বাসা বাড়ির বর্জ্য, গোবর/পশুপাখীর মল ইত্যাদি কঁচো খেয়ে মল ভ্যাগের মাধ্যমে কম্পোস্ট সারে রূপান্তরিত করতে পারে, যা কঁচো সার বা ভার্মি-কম্পোস্ট নামে পরিচিত। সাধারণ কম্পোস্টের তুলনায় ভার্মি-কম্পোস্ট অধিক পুষ্টিগুণসম্পন্ন। চাড়ি বা রিং এবং ট্যাংক পদ্ধতিতে ভার্মিকম্পোস্ট তৈরি করা যায়। প্রথমে উদ্ভিজ্জ উপাদানগুলো টুকরা করে কাটতে হবে এবং উদ্ভিজ্জ ও প্রাণিজ্জ উপাদানগুলো ১০-১৫ দিন আলাদাভাবে পচাতে হবে এবং অতিরিক্ত অর্দ্রতা শুকাতে হবে। একটি খড়ের চালা বিশিষ্ট ঘরের মধ্যে ৪০ কেজি ধারণ ক্ষমতা বিশিষ্ট একাধিক চাড়ি বা রিং বসাতে হবে অথবা ৮' (লম্বা) x ৪' (চওড়া) x ২' (উঁচু) আকারের ট্যাংক তৈরি করতে হবে। ট্যাংকের তলায় ২-৩ ইঞ্চি পুরু করে করে ক্রমাগত ইটের খোয়া বা রাবিশ, বালু, দোআঁশ মাটি ও খড়ের স্তর দিয়ে বেড তৈরি করতে হবে। পচানো ও শুকানো প্রাণিজ্জ ও উদ্ভিজ্জ উপাদানগুলো সমান অনুপাতে মিশিয়ে চাড়ি, রিং বা ট্যাংকে ভরতে হবে। উল্লেখ্য যে, প্রাণিজ্জ উপাদান যত বেশি ব্যবহার ব্যবহার করা হবে ভার্মিকম্পোস্টের গুণগত মান তত বৃদ্ধি পাবে। উপাদানগুলির ওপর প্রতি ৪০ কেজি উপাদানের জন্য ২৫০ গ্রাম পূর্ণ বয়স্ক এসিনা ফেটিডা, ইউড্রিলাস ইউজিনি অথবা পেরিওনিয়া এক্সভেটাস প্রজাতির কঁচো ছড়িয়ে দিয়ে ছালার চট দিয়ে ঢেকে দিতে হবে এবং হালকা পানি ছিটিয়ে দিতে হবে। ২-৩ দিন পর পর উপাদানগুলি শুকিয়ে গেছে কিনা দেখতে হবে এবং শুকিয়ে গেলে হালকা পানি ছিটিয়ে দিতে হবে। উপাদানগুলি যাতে বেশি ভিজ়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে। প্রথম দিকে কম্পোস্ট তৈরি হতে ৬০-৭০ দিন সময় লাগে; তবে পরে মাত্র ৪০ দিনের মধ্যেই ভার্মিকম্পোস্ট তৈরি হবে। উপাদানগুলি যখন চা পাতির মত বুরবুরে হবে এবং গাঢ় বাদামী রং ধারণ করবে তখন ভার্মিকম্পোস্ট তৈরি সম্পন্ন হবে। কম্পোস্ট তৈরি সম্পন্ন হলে চালনীতে চেলে কঁচো আলাদা করে কম্পোস্ট প্যাকেটজাত করতে হবে এবং তা ব্যবহার উপযোগী হবে। ভার্মি-কম্পোস্ট তৈরির জন্য প্রয়োজনীয় কঁচোর প্রাপ্তিস্থানের একটি তালিকা পরিশিষ্ট-৬ এ দেয়া হয়েছে। উক্ত ঠিকানায় যোগাযোগ করে কঁচো সংগ্রহ করা যেতে পারে।

### ট্রাইকো-কম্পোস্ট

ট্রাইকোডার্মা এক প্রকারের উপকারী ছত্রাক। এ ছত্রাক জৈব দ্রব্য দ্রুত পচাতে সাহায্য করে। তাই এ ছত্রাক ব্যবহার করে কম সময়ে কম্পোস্ট সার তৈরি করা যায় এবং এভাবে প্রস্তুতকৃত কম্পোস্ট সারকে ট্রাইকো-কম্পোস্ট সার বলে। এ সার তৈরির জন্য ১০ ফুট দৈর্ঘ্য, ৫ ফুট প্রস্থ ও ৪.৫ ফুট উচ্চতাবিশিষ্ট একটি হাউস তৈরি করা যেতে পারে। কম্পোস্ট তৈরি জৈব উপাদানসমূহ, যেমন- ফসলের পরিত্যক্ত অংশ, লতাপাতা, আগাছা, কচুরীপানা, খাবারের উচ্ছিষ্টাংশ, বাসা বাড়ির বর্জ্য, গোবর ইত্যাদি এর সাথে ট্রাইকোডার্মা ছত্রাকের স্পোর সম্বলিত তরল দ্রব্য মিশিয়ে উক্ত হাউসের মধ্যে স্তূপ করে রেখে দিলে কম্পোস্ট সার প্রস্তুত হয়। সাধারণ কম্পোস্ট সার তৈরিতে যেখানে ৪-৫ মাস সময় লাগে সেখানে এ পদ্ধতিতে মাত্র ৩০-৩৫ দিনের মধ্যেই কম্পোস্ট তৈরি হয়ে যায়। উল্লেখ্য যে, কম্পোস্ট তৈরির উপাদানগুলি যেন শুকিয়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে। যদি শুকিয়ে যায় তবে পানি স্প্রে করে তা ভিজ়িয়ে দিতে হবে। স্তূপের তাপমাত্রা যদি খুব বেশি হয়ে যায় তবে স্তূপটি উলট পালট করে দিতে হবে। সার হিসেবে কাজ করা ছাড়াও ট্রাইকো-কম্পোস্ট ফসলকে রোগের আক্রমণ থেকে রক্ষা করতে সহায়তা করে।

### বায়ো-স্লারি সার

বায়ো-গ্যাস প্র্যান্টে গোবর বা মুরগির বিষ্ঠা থেকে বায়ো-গ্যাস উৎপাদনের সময় উপজাত হিসেবে বায়ো-স্লারি উৎপাদিত হয়। বায়ো-গ্যাস প্র্যান্টের মধ্যে গোবর বা মুরগির বিষ্ঠা অক্সিজেনবিহীন অবস্থায় পচিয়ে বায়ো-গ্যাস উৎপাদন করা হয়। গোবর বা মুরগির বিষ্ঠা বায়ো-স্লারিতে রূপান্তরের ফলে তাদের মধ্যকার উদ্ভিদ পুষ্টি উপাদানের কোন কমতি হয় না। রোদ বৃষ্টি থেকে রক্ষার জন্য বায়ো-স্লারির গর্তের উপর চালা দিতে হয়; না হলে রোদ বৃষ্টিতে বায়ো-স্লারি সারের গুণগত মান হ্রাস পায়। বায়ো-স্লারি তরল অবস্থায় বা শুকিয়ে জৈব সার হিসেবে ব্যবহার করা যায়।

### সবুজ সার

জমিতে কোন বিশেষ ধরণের ফসল জন্মিয়ে সবুজ অবস্থায় একটি নির্দিষ্ট বয়সে চাষ দিয়ে মাটির সাথে মিশিয়ে দেয়া হলে তাকে সবুজ সার বলা হয়। দ্রুত বর্ধনশীল ডাল জাতীয় ফসল বা শুটি জাতীয় ফসল (Leguminous crop), অর্থাৎ যে সব গাছের শিকড়ে ব্যাকটেরিয়া গুটি তৈরী করে এবং বাতাসের নাইট্রোজেন সংগ্রহ করে গুটিতে জমা করে সে সব ফসল সবুজ

সার হিসেবে বেশি উপযোগী। কারণ, এসব ফসলের মাধ্যমে মাটিতে জৈব পদার্থ যোগ হওয়া ছাড়াও বাড়তি নাইট্রোজেন যোগ হয়ে জমির উর্বরতা বৃদ্ধি করে। সবুজ সার হিসেবে খরিস্ক-১ মৌসুমে ধৈর্য, বরবটি, মুগ কালাই, মাস কালাই ইত্যাদি ফসল চাষ করা যেতে পারে। তবে সবুজ সার হিসেবে এদেশে সাধারণত ধৈর্য চাষ করা হয়ে থাকে। বৈশাখের শেষ সপ্তাহ থেকে জ্যৈষ্ঠের প্রথম সপ্তাহে ধৈর্য বপন করে ৪০-৫০ দিন বয়সে তা চাষ দিয়ে মাটির সাথে মিশিয়ে দিতে হবে এবং এক সপ্তাহের মধ্যেই ধান রোপণ করতে হবে। রোপা আমন ধানের পূর্বে সবুজ সার হিসেবে ধৈর্য চাষ করা হলে এবং প্রতি শতাংশে কাঁচা ধৈর্য গাছের ফলন ৪০-৬০ কেজি হলে রোপা আমন ধানের ইউরিয়া সারের মাত্রা শতকরা ২০-২৫ ভাগ কমাতে হবে; না কমালে ধান গাছের নৈহিক বৃদ্ধি বেশি হবে এবং হেলে পড়ার সম্ভাবনা থাকবে। এতে ধানের ফলন কমে যাবে।

## ৮. অণুজীবসার

অণুজীবসার বলতে অণুজীব সম্বলিত সারকে বুঝায়। মাটিতে বিদ্যমান কিছু উপকারী ব্যাকটেরিয়া (অণুজীব) ডাল জাতীয় ফসল বা গুটি জাতীয় ফসলের (Leguminous crop) শিকড়ে গুটি (নোডিউল) তৈরি করে। এ সব ব্যাকটেরিয়া বায়ুর নাইট্রোজেন সংগ্রহ করে তা গাছকে সরবরাহ করে। অণুজীব সার প্রস্তুতের জন্য ডাল জাতীয় এ সব ফসলের শিকড় থেকে গুটি সংগ্রহ করা হয় এবং গবেষণাগারে গুটি থেকে ব্যাকটেরিয়া আলাদা করা হয়। বিভিন্ন রকমের পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে এ সব ব্যাকটেরিয়া থেকে অণুজীবসার তৈরি করা হয়। এ সারকে জীবাণু সারও বলা হয়। ডাল বা গুটি জাতীয় ফসল বপনের সময় অণুজীবসার বীজের সাথে মিশিয়ে বপন করা হলে এসব গাছের শিকড়ে প্রচুর গুটি তৈরি হয়। এসব গুটিতে বিদ্যমান ব্যাকটেরিয়া বায়ুর নাইট্রোজেন সংগ্রহ করে তা গাছকে সরবরাহ করে। তাই এসব ফসলে আর ইউরিয়া সারের প্রয়োজন হয় না। তবে উল্লেখ্য যে, যে ফসলের গুটি থেকে এ সার তৈরি করা হয় শুধু মাত্র সে ফসলেই এ সার কাজ করে, অন্য কোন ফসলে কাজ করে না। অর্থাৎ এক প্রকারের অণুজীবসার একাধিক ফসলে কাজ করে না। তিন তিন ফসলের জন্য তিন তিন অণুজীবসার রয়েছে।

## ৯. সার ব্যবস্থাপনা

জমির উর্বরতার ওপর সার ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে। একটি লাভজনক ও টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থা প্রবর্তনে সারের যথাযথ ব্যবহারের গুরুত্ব অপরিণীম। টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থার সাথে মাটির স্বাস্থ্য রক্ষা অঙ্গাঙ্গিভাবে জড়িত। এতে বর্তমান ফসল উৎপাদনের সাথে সাথে ভবিষ্যতের ফসল উৎপাদনের বিষয়ও বিবেচনা রাখতে হবে। ভবিষ্যৎ উৎপাদনের জন্য মাটির স্বাস্থ্য ঠিক রাখা অত্যন্ত জরুরি। আর মাটির স্বাস্থ্য ঠিক রাখতে হলে একটি যথাযথ ও সমন্বিত সার ব্যবহার পরিকল্পনা করতে হবে এবং সে অনুযায়ী সার ব্যবহার করতে হবে। পূর্বে উল্লেখ করা হয়েছে যে, মাটির স্বাস্থ্য রক্ষায় “মৃত্তিকা জৈব পদার্থ” একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তাই সার ব্যবহার পরিকল্পনায় “মৃত্তিকা জৈব পদার্থ” রক্ষার বিষয়টি বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। বিষয়টির উপর পূর্বে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এছাড়া জমির উর্বরতা রক্ষার জন্য ফসলের প্রয়োজন অনুসারে জৈব ও রাসায়নিক সারের সমন্বিত প্রয়োগ করতে হবে। ফসলের প্রয়োজন মফিক রাসায়নিক সার অবশ্যই সুযম মাত্রায় ব্যবহার করতে হবে। উল্লেখ্য যে, সব ফসলের খাদ্য চাহিদা সমান নয়। সাধারণত ফসল গাছের আকার আকৃতি, ফলন ইত্যাদির ওপর এর খাদ্য চাহিদা নির্ভর করে। ভুট্টা ও ডাল ফসলের খাদ্য চাহিদা এক নয়। ডাল ফসলের তুলনায় ভুট্টা গাছের আকার আকৃতি অনেক বড় এবং ফলনও অনেক বেশি বিধায় ডাল ফসলের তুলনায় ভুট্টার খাদ্য চাহিদা অনেক বেশি এবং সারও বেশি লাগে। এছাড়া বিভিন্ন ফসলের বিভিন্ন পুষ্টি উপাদানের চাহিদাও এক রকমের নয়। মাটির নিচের ফসল, যেমন- আলু, মুলা, কচু, গাজর, ইত্যাদি ফসলের পটাশিয়ামের চাহিদা বেশি। তাই এসব ফসলে এমওপি সার বেশি লাগে। ডাল ফসলে ইউরিয়া সার কম লাগে। পূর্ববর্তী ফসলে ব্যবহৃত সারের পরিমাণের ওপরও বর্তমান ফসলের সারের চাহিদা নির্ভর করে। যেসব ফসলে বেশি সার ব্যবহার করা হয় তাদের পরবর্তী ফসলে সাধারণত সার কম লাগে। অল্পতে বেশি সার ব্যবহৃত হয় বিধায় এর পরবর্তী ফসলে সার কম লাগে। এছাড়া সেচযুক্ত ফসলে কিনা সেচের ফসলের তুলনায় সার বেশি লাগে। সারের মাত্রা ছাড়াও সার ব্যবহারের সময় আরও কিছু বিষয় বিবেচনা রাখতে হবে।



## ১০. সার প্রয়োগে বিবেচ্য বিষয়সমূহ

সার একটি মূল্যবান ও ব্যয়বহুল কৃষি উপকরণ। তাই ফসলক্ষেতে প্রয়োগকৃত সারের কার্যকারিতা বৃদ্ধির জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। যথেষ্টভাবে সার ব্যবহার করলে সারের অপচয় বৃদ্ধি পায় ও আর্থিক ক্ষতি হয়, ফসলের কাঙ্ক্ষিত ফলন পাওয়া যায় না এবং পরিবেশেরও ক্ষতি হয়। ইউরিয়া সারের বেলায় এটা বেশি প্রযোজ্য। ইউরিয়া একটি অত্যন্ত ক্ষণস্থায়ী সার এবং এ সার যথাযথভাবে ব্যবহার করা না হলে বিভিন্ন উপায়ে শতকরা প্রায় ৬০-৭০ ভাগ অপচয় হতে পারে। ইউরিয়া ছাড়া অন্যান্য সার তেমন একটা নষ্ট হয় না। এসব সার প্রয়োগকৃত ফসল গ্রহণ করতে না পারলেও অবশিষ্টাংশ হিসেবে মাটিতে থেকে যায় এবং পরবর্তী ফসল তা গ্রহণ করতে পারে। সারের কার্যকারিতা বাড়াতে ফসলের চাহিদা অনুযায়ী সুথম মাত্রায় বিভিন্ন প্রকার সার প্রয়োগও গুরুত্বপূর্ণ। সার প্রয়োগের সময় নিম্ন বর্ণিত বিষয়গুলি বিবেচনায় রাখতে হবে:

### ফসল ও তার জাত, ফসলের খাদ্য চাহিদা, কাঙ্ক্ষিত ফলন

বিভিন্ন ফসলের খাদ্য চাহিদা বিভিন্ন রকমের। যেসব ফসলের দেহের গঠন বড় এবং ফলন বেশি তাদের খাদ্য চাহিদা বেশি। পক্ষান্তরে, যেসব ফসলের দেহের গঠন ছোট এবং ফলন কম তাদের খাদ্য চাহিদা কম। উদাহরণস্বরূপ বলা যায়, তুট্টা গাছের আকার আকৃতি ধান গাছের তুলনায় বড় এবং ফলনও বেশি। তাই ধান ফসলের তুলনায় তুট্টাতে সার বেশি লাগে। ডাল জাতীয় ফসলে সার খুব কম লাগে। ফসলের স্থানীয় জাতের তুলনায় উফশী জাতের ফলন বেশি হওয়ায় উফশী জাতে সারও বেশি লাগে।

### ফসলধারা

ফসলধারা বলতে এক বছরে এক খন্ড জমিতে ধারাবাহিকভাবে যে ফসল চাষ করা হয় তা বুঝায়। সার ব্যবহারে ফসলধারা একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। বিশেষ করে বর্তমান ফসলের পূর্ববর্তী ফসল কি ছিল তা জানা জরুরি। সাধারণত ডাল ও গুটি জাতীয় ফসল এবং পাট এর পরবর্তী ফসলে সার কম লাগে। কিন্তু সরিষা, গম, চীনা, কাউন ইত্যাদি ফসলের পরবর্তী ফসলে সার বেশি লাগে।

### মাটির উর্বরতা

সাধারণত উর্বর মাটিতে সার কম লাগে এবং কম উর্বর বা অনুর্বর জমিতে সার বেশি লাগে।

### উৎপাদন মৌসুম

সার প্রয়োগে উৎপাদন মৌসুম একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। খরিফ মৌসুমের তুলনায় রবি/শীত মৌসুমে ফসলের ফলন বেশি হয়, যেমন- আউশ ও আমন ধানের চেয়ে বোরো ধানের ফলন বেশি হয়; খরিফ মৌসুমের তুট্টার চেয়ে রবি মৌসুমে তুট্টার ফলন বেশি হয়। এ কারণে রবি মৌসুমে ফসলের খাদ্য চাহিদা বেশি থাকে। তাই খরিফ মৌসুমের তুলনায় রবি/শীত মৌসুমে বেশি মাত্রায় সার প্রয়োগ করতে হয়।

### পানি ব্যবস্থাপনা (বৃষ্টি নির্ভর/সেচযুক্ত)

বৃষ্টি নির্ভর চাষে ফসলের ফলন কম হয় এবং সেচযুক্ত চাষে ফলন বেশি হয়। বৃষ্টি নির্ভর চাষে ফসল বপনের পর সার প্রয়োগের কোন নিশ্চয়তা থাকে না। তাই অধিকাংশ ক্ষেত্রে ফসল বপনের পূর্বেই জমিতে সমুদয় সার প্রয়োগ করা হয়। এছাড়া বৃষ্টি নির্ভর চাষে ফসলের ফলন কম হয় বিধায় ফসলের খাদ্য চাহিদাও কম থাকে; তাই সারও কম লাগে। পক্ষান্তরে, সেচযুক্ত চাষে ফসলের ফলন বেশি হয় বিধায় ফসলের খাদ্য চাহিদাও বেশি থাকে এবং সারও বেশি লাগে।

### জৈব সার, খামারজাত সার, সবুজ সার, ফসলের পরিত্যক্ত অংশ ব্যবহার

জৈব সার, খামারজাত সার, সবুজ সার ও ফসলের পরিত্যক্ত অংশে ফসলের প্রয়োজনীয় সকল প্রকার খাদ্য উপাদান অল্প পরিমাণে বিদ্যমান থাকে। এসব সার জমিতে প্রয়োগ করা হলে পচনের মাধ্যমে ধীরে ধীরে এসব খাদ্যোপাদানগুলি ফসলের গ্রহণোপযোগী হয়। এছাড়া এসব জৈব সার ব্যবহারে মাটির ভৌত গুণাবলীর উন্নয়ন হয় এবং অণুজৈবিক ক্রিয়াকলাপ বৃদ্ধি পায়। ফলে মাটিতে বিদ্যমান পুষ্টি উপাদান ফসলের গ্রহণোপযোগী হয়। তাই এসব জৈব সার ব্যবহার করা হলে রাসায়নিক সার কম লাগে।

## রাসায়নিক সারের ধরন ও প্রকৃতি

সার প্রয়োগে সারের ধরন ও প্রকৃতিও গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়, যেমন- ইউরিয়া একটি ক্ষণস্থায়ী সার এবং জমিতে প্রয়োগের এক মাসের মধ্যেই এর কার্যকারিতা প্রায় শেষ হয়ে যায়। তাই এ সার ফসলে একবারে প্রয়োগ করা যায় না; ফসলভেদে সাধারণত ২-৩ কিস্তিতে প্রয়োগ করা হয়। গুটি ইউরিয়া মাটির ৩-৪ ইঞ্চি গভীরে পুঁতে ব্যবহার করা হলে ছিটিয়ে গুঁড়া ইউরিয়া প্রয়োগের তুলনায় শতকরা প্রায় ৩০ ভাগ সার কম লাগে। ইউরিয়া ছাড়া অন্যান্য সার জমি থেকে তেমন একটা নষ্ট হয় না এবং দীর্ঘ দিন এসব সারের কার্যকারিতা বজায় থাকে। তাই এসব সার ফসলের চাহিদা মোতাবেক বপন/রোপনের সময় একবারে প্রয়োগ করা যায়।

## পূর্ববর্তী ফসলে সারের ব্যবহার

জমিতে প্রয়োগের পর ইউরিয়া ছাড়া অন্যান্য সারের কার্যকারিতা দীর্ঘ দিন বজায় থাকে। এসব সার ব্যবহারকৃত ফসল কর্তৃক সামান্যই গৃহীত হয় এবং বাকি সার অবশিষ্টাংশ হিসেবে মাটিতে থেকে যায় যা পরবর্তী ফসল গ্রহণ করতে পারে। তাই পূর্ববর্তী ফসলে এসব সার পূর্ণ মাত্রায় ব্যবহার করা হয়ে থাকলে পরবর্তী ফসলে কিছুটা কম ব্যবহার করতে হয়।

## সার প্রয়োগের সময় ও পদ্ধতি

বিষয়টির ওপর ১১ অধ্যায়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

### অন্যান্য বিষয়

- ক) রাসায়নিক সার কোন বীজ, নতুন শিকড়, লতা-জাতীয় গাছের কাণ্ড ও কচি পাতার সংস্পর্শে বা অতি নিকটে প্রয়োগ করা উচিত নয়। বীজের সংস্পর্শে সার প্রয়োগ করা হলে বীজ পচে যেতে পারে বা এর অঙ্কুরোদগম ক্ষমতা নষ্ট হতে পারে। এছাড়া ফসল ভিজা অবস্থায় কখনই সার প্রয়োগ করা উচিত নয়। এতে ফসলের পাতা ও কচি অংশে সার লেগে গেলে তা বিনষ্ট হতে পারে।
- খ) সার প্রয়োগের পর তা ভালভাবে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। এতে সারের অপচয় কম হবে এবং কার্যকারিতা বৃদ্ধি পাবে।
- গ) ধানের জমিতে বেশি পানি থাকা অবস্থায় ইউরিয়া সার প্রয়োগ করা উচিত নয়। ইউরিয়া সার যেহেতু পানিতে দ্রুত গলে যায় তাই বেশি পানির মধ্যে এ সার প্রয়োগ করা হলে তা গলে পানির মধ্যেই থেকে যায় এবং খুব অল্প পরিমাণ ধানের শিকড় পর্যন্ত পৌঁছাতে পারে। এতে সারের কার্যকারিতা ব্যাপকভাবে হ্রাস পায়। জমিতে ছিপছিপে পানি থাকা অবস্থায় ইউরিয়া সার প্রয়োগ করে মাটির সাথে মিশিয়ে দিলে এ সারের কার্যকারিতা বৃদ্ধি পায়।
- ঘ) জৈব সার ফসল বপন/রোপনের কমপক্ষে ৭ দিন পূর্বে জমিতে প্রয়োগ করে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। সবুজ সার হিসেবে নৈশ্কার চাষের পর ধান চাষ করা হলে নৈশ্কা মাটিতে মিশানোর ৭ দিনের মধ্যে ধানের চারা রোপন করতে হবে। নৈশ্কা গাছের ফলন ৪০-৬০ কেজি/শতাংশ হলে ইউরিয়া সারের মাত্রা ২৫-৩০ ভাগ কমাতে হবে; পূর্ণ মাত্রায় ইউরিয়া সার প্রয়োগ করা হলে ধান গাছের দৈনিক বৃদ্ধি বেশি হয়ে হলে পড়তে পারে এবং ধানের ফলন কমে যেতে পারে।
- ঙ) ফসলের বর্ধনশীল অবস্থায় গৌণ পুষ্টির (যেমন- দস্তা, বোরন ইত্যাদি) অভাব দেখা দিলে এ সার পানিতে গুলিয়ে গাছের উপর স্প্রে করা যেতে পারে। সবজি ফসলের ক্ষেত্রে এ পদ্ধতি বিশেষ উপযোগী।
- চ) গুঁড়া ইউরিয়ার পরিবর্তে গুটি ইউরিয়া মাটির ৩-৪ ইঞ্চি গভীরে প্রয়োগ করলে শতকরা ৩০ ভাগ ইউরিয়া কম লাগে। গুটি ইউরিয়া মৌসুমে একবার প্রয়োগ করতে হয় এবং পরে আর কোন ইউরিয়া প্রয়োগের প্রয়োজন হয় না। তবে দীর্ঘ মেয়াদী জাতের ক্ষেত্রে সামান্য পরিমাণ ইউরিয়া উপরি প্রয়োগের প্রয়োজন হতে পারে।

## ১১. সার প্রয়োগের সময় ও পদ্ধতি

সার প্রয়োগের সময় ও প্রয়োগ পদ্ধতির ওপর সারের কার্যকারিতা বহুলাংশে নির্ভর করে এবং কার্যকারিতা বৃদ্ধির জন্য বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফসলের বিভিন্ন বৃদ্ধি স্তরে খাবারের চাহিদার পার্থক্য থাকে। বিষয়টি বিবেচনায় রেখে ফসলে সার প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার ছাড়া অন্যান্য সার যেহেতু ফসল বপন/রোপনের পূর্বে সাধারণত একবারেই প্রয়োগ করা হয় তাই এসব সারের ক্ষেত্রে প্রয়োগের সময় অতটা গুরুত্বপূর্ণ নয়। সার প্রয়োগের সময় ও প্রয়োগ পদ্ধতি ইউরিয়া সারের ক্ষেত্রে

অধিক প্রয়োজ্য। কারণ ইউরিয়া সহজে পানিতে গলে যায় এবং বিভিন্ন উপায়ে নষ্ট হয়। সঠিকভাবে ব্যবহার না করা হলে প্রয়োগকৃত ইউরিয়া সারের শতকরা ৬০-৭০ ভাগ নষ্ট হয়ে যেতে পারে। ইউরিয়া ছাড়া অন্যান্য সার তেমন একটা নষ্ট হয় না এবং এসব সার জমি শেষ চাষের সময় একবারে প্রয়োগ করা যায়। সারের কার্যকারিতা বৃদ্ধির জন্য তা যথাযথভাবে ব্যবহার করা প্রয়োজন। সার সাধারণত তিন পদ্ধতিতে প্রয়োগ করা হয়ে থাকে, যেমন- ছিটিয়ে, স্থানীয়ভাবে এবং সার পানিতে গুলিয়ে স্প্রে করে। ছিটিয়ে সার প্রয়োগই সহজ ও বহুল ব্যবহৃত পদ্ধতি। তবে উদ্যান ফসলের ক্ষেত্রে স্থানীয়ভাবে সার প্রয়োগ পদ্ধতি বেশি ব্যবহৃত হয়ে থাকে।

সারের কার্যকারিতা বৃদ্ধির জন্য ফসল ও মৌসুমের ওপর ভিত্তি করে নিম্নে বর্ণিত সাধারণ নিয়মাবলী অনুসরণ করা প্রয়োজন:

- ধান চাষে (বোনা আমন ছাড়া) ইউরিয়া সামান্য তিন ভাগ করে তিন বারে প্রয়োগ করতে হবে। জমি শেষ চাষের পূর্বে বা ধানের চারা মাটিতে লেগে যাওয়ার পরপরই ১ম বার, দ্রুত বর্ধনশীল (কুশি বের হবার) পর্যায়ে ২য় বার এবং ডিম পাতা বের হওয়ার ১৫-২০ দিন পূর্বে ৩য় বার ছিটিয়ে প্রয়োগ করতে হবে। জমিতে আণ্ডা থাকলে সার প্রয়োগের পূর্বে তা পরিষ্কার করে নিতে হবে। সার প্রয়োগের সময় ক্ষেতে ছিপছিপে পানি থাকতে হবে এবং সার প্রয়োগের পর পরই তা ভালভাবে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। অন্যান্য সমুদয় সার জমি শেষ চাষের পূর্বে একবারে ছিটিয়ে প্রয়োগ করতে হবে।
- ধান চাষে গুটি ইউরিয়া ব্যবহার করা যেতে পারে এবং এতে শতকরা ৩০ ভাগ ইউরিয়া কম লাগে। এক্ষেত্রে ধান সারিতে এমনভাবে লাগাতে হবে যাতে দুই দিক থেকেই সারি দেখা যায়। সারির থেকে সারির দূরত্ব ৮ ইঞ্চি এবং ধানের গোছা থেকে গোছার দূরত্বও ৮ ইঞ্চি হতে হবে। আউশ ও আমন ধানের ক্ষেত্রে চারা রোপণের ৫-৭ দিনের মধ্যে এবং বোরো ধানের ক্ষেত্রে ৭-১০ দিনের মধ্যে গুটি ইউরিয়া ধানের দুই সারি পর পর এবং দুই গোছা পর পর চার গোছার মাঝখানে মাটির ৩-৪ ইঞ্চি গভীরে পুতে দিতে হবে। বোরো ধানে প্রতি চার গোছার জন্য ২.৭ গ্রাম ওজনের ১টি গুটি এবং আউশ ও আমন ধানে ১.৮ গ্রাম ওজনের ১টি গুটি প্রয়োগ করতে হবে। গুটি পুতার সময় জমিতে ছিপছিপে (১.০-১.৫ ইঞ্চি) পানি থাকলে ভাল হয়। গুটি প্রয়োগকৃত স্থানে যাতে পানি না পড়ে সেদিকে খেয়াল রাখতে হবে। গুটি প্রয়োগের পরে অন্তত ৩০ দিন জমিতে নামা উচিত নয়।
- সেচের সুবিধা থাকলে গম চাষের ক্ষেত্রে ইউরিয়া সার সমান তিন ভাগে- জমি শেষ চাষের পূর্বে ১ম বার, দ্রুত বর্ধনশীল (কুশি বের হবার) পর্যায়ে ২য় বার এবং কাইচ খোড় আসার ৫-৭ দিন পূর্বে ৩য় বার ইউরিয়া ছিটিয়ে প্রয়োগ করতে হবে। অন্যান্য সমুদয় সার জমি শেষ চাষের পূর্বে একবারে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। সার উপরি প্রয়োগের পূর্বে জমিতে সেচ দিতে হবে। শুকনা জমিতে সার প্রয়োগ করে পরে সেচ দেয়া ঠিক হবে না; কারণ ইউরিয়া সার যেহেতু দ্রুত পানিতে গলে যায় তাই যেদিক থেকে সেচের পানি জমিতে ঢুকবে সেদিকের ইউরিয়া পানিতে গলে সেচের পানির সাথে অন্যত্র চলে যাবে। সেচ সুবিধা না থাকলে সমুদয় ইউরিয়া সার শেষ চাষের পূর্বে একবারে প্রয়োগ করতে হবে।
- তুট্টাতে তিন ভাগের এক ভাগ ইউরিয়া এবং অন্যান্য সমুদয় সার তুট্টার সারি থেকে ২-৩ ইঞ্চি দূরত্বে হাত লাঙ্গল দিয়ে ৩-৪ ইঞ্চি গভীর নালা তৈরি করে নালায় প্রয়োগ করতে হবে এবং মাটি দিয়ে ঢেকে দিতে হবে। রবি মৌসুমে তুট্টা গাছের ৮-১০ পাতা স্তরে (বপনের ৩০-৩৫ দিন পর) এক-তৃতীয়াংশ এবং গাছে পুরুষ ফুল আসার সময় (বপনের ৫০-৬০ দিন পর) এক-তৃতীয়াংশ ইউরিয়া সার তুট্টার সারির পাশ দিয়ে প্রয়োগ করে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। একইভাবে খরিফ মৌসুমেও তুট্টা গাছের ৮-১০ পাতা স্তরে (বপনের ২০-২৫ দিন পর) এক-তৃতীয়াংশ এবং গাছে পুরুষ ফুল আসার সময় (বপনের ৪৫-৫০ দিন পর) এক-তৃতীয়াংশ ইউরিয়া সার সারির পাশ দিয়ে প্রয়োগ করে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে।
- পাট, কেনাক ও মেস্তা ফসলে অর্ধেক ইউরিয়া এবং অন্যান্য সমুদয় সার জমি শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া বীজ বপনের ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে। গাছ ভিজা থাকা অবস্থায় ইউরিয়া উপরি প্রয়োগ করা যাবে না। ভিজা অবস্থায় প্রয়োগ করা হলে ইউরিয়া পাতায় লেগে থাকতে পারে এবং পাতা বিনষ্ট হতে পারে।
- পাট, কেনাক ও মেস্তা নাবীতে বপন করে বীজ উৎপাদনের ক্ষেত্রে এক-তৃতীয়াংশ ইউরিয়া এবং অন্যান্য সমুদয় সার জমি শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া সমান দুই ভাগে বীজ বপনের ২০-২৫ দিন পর এবং ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে। গাছ ভিজা থাকা অবস্থায় ইউরিয়া উপরি প্রয়োগ করা যাবে না।

- ডাল ফসলে সমুদয় রাসায়নিক সার জমি শেষ চাষের পূর্বে একবারে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। এছাড়া অপুঞ্জীভ সার প্রয়োগ বিষয়ে পরবর্তী পৃষ্ঠায় বিস্তারিত বর্ণনা করা হয়েছে।
- সরিষা ফসলে অর্ধেক ইউরিয়া এবং অন্যান্য সমুদয় সার জমি শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া বীজ বপনের ২৫-৩০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে। গাছ ভিজা থাকা অবস্থায় ইউরিয়া উপরি প্রয়োগ করা যাবে না। ভিজা অবস্থায় প্রয়োগ করা হলে ইউরিয়া পাতায় লেগে থাকতে পারে এবং পাতা বিনষ্ট হতে পারে।
- সেচযুক্ত বাদাম ফসলে অর্ধেক ইউরিয়া এবং অন্যান্য সমুদয় সার শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া ফুল আসার সময় উপরি প্রয়োগ করে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে। গাছ ভিজা থাকা অবস্থায় ইউরিয়া উপরি প্রয়োগ করা যাবে না। ভিজা অবস্থায় প্রয়োগ করা হলে ইউরিয়া পাতায় লেগে থাকতে পারে এবং পাতা বিনষ্ট হতে পারে। সেচবিহীন চাষে সমুদয় সার জমি শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। এছাড়া অপুঞ্জীভ সার প্রয়োগ বিষয়ে পরবর্তী পৃষ্ঠায় বিস্তারিত বর্ণনা করা হয়েছে।
- আলু ফসলে অর্ধেক ইউরিয়া ও এমওপি সার এবং অন্যান্য সমুদয় সার শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া ও এমওপি সার আলু লাগানোর ৩০-৩৫ দিন পর ত্যাপী তৈরির সময় পার্শ্ব প্রয়োগ করতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে।
- কচু ফসলে ইউরিয়া ছাড়া অন্যান্য সমুদয় সার শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান দুই ভাগে কচু লাগানোর ২৫-৩০ দিন এবং ৫৫-৬০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। উপরি প্রয়োগের পর ইউরিয়া ভালভাবে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে। গাছ ভিজা থাকা অবস্থায় ইউরিয়া উপরি প্রয়োগ করা যাবে না। ভিজা অবস্থায় প্রয়োগ করা হলে ইউরিয়া পাতায় লেগে থাকতে পারে এবং পাতা বিনষ্ট হতে পারে।
- সবজি ফসলে এক-তৃতীয়াংশ ইউরিয়া ও এমওপি এবং অন্যান্য সমুদয় সার শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া ও এমওপি সার সামান্য দুই ভাগে ফসলভেদে বপন/রোপনের ২০-৩০ দিন পর এবং ৪০-৫০ দিন পর প্রয়োগ করতে হবে। স্বল্প সময়ের সবজি, যেমন- লাগ শাক, মুলা শাক ইত্যাদি ফসলে সমুদয় ইউরিয়া শেষ চাষের পূর্বে একবারে প্রয়োগ করা যেতে পারে। ইউরিয়া প্রয়োগের পর ভালভাবে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে। গাছ ভিজা থাকা অবস্থায় ইউরিয়া উপরি প্রয়োগ করা যাবে না।
- পেঁয়াজ ও রসুন ফসলে অর্ধেক ইউরিয়া ও এমওপি সার এবং অন্যান্য সমুদয় সার শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া ও এমওপি সার সমান দুই ভাগে ফসল লাগানোর ২৫-৩০ দিন পর এবং ৪৫-৫০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। উপরি প্রয়োগের পর ইউরিয়া ভালভাবে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে।
- আদা ও হলুদ ফসলে অর্ধেক ইউরিয়া এবং অন্যান্য সমুদয় সার জমি শেষ চাষের পূর্বে ছিটিয়ে প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া আদা লাগানোর ৪০-৪৫ দিন পর একবারে প্রয়োগ করতে হবে এবং হলুদে বাকি অর্ধেক ইউরিয়া সমান দুই ভাগে অর্থাৎ এক-চতুর্থাংশ ইউরিয়া ফসল লাগানোর ৮০ দিন পর এবং বাকি এক-চতুর্থাংশ ইউরিয়া ১১০ দিন পর প্রয়োগ করতে হবে। উপরি প্রয়োগের পর ইউরিয়া ভালভাবে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। সার প্রয়োগের সময় মাটিতে পর্যাপ্ত রস থাকতে হবে।
- কোন ফসলে জিপসাম ও দস্তা সার শেষ চাষের সময় প্রয়োগ করা না হলে এবং পরে ফসলে এসব উপাদানের অভাবজনিত লক্ষণ দেখা দিলে জিপসাম ও দস্তা সার উপরি প্রয়োগ করা যেতে পারে। প্রয়োজন হলে সব ফসলে এভাবে জিপসাম ও দস্তা সার উপরি প্রয়োগ করা যেতে পারে।
